

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ২৮, ২০২০

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ক্যান্টনমেন্ট বোর্ড

ঢাকা ক্যান্টনমেন্ট

প্রজ্ঞাপন

তারিখ, ১২ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ/২৬ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং-২৪-আইন/২০২০।—ক্যান্টনমেন্ট আইন, ২০১৮ (২০১৮ সনের ২৭ নং আইন) এর ধারা ২১৭ তে প্রদত্ত ক্ষমতাবলে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ উপ-আইন প্রণয়ন করিল, যথা :—

প্রথম অধ্যায়

প্রারম্ভিক

১। শিরোনাম ও প্রবর্তন।—(১) এই উপ-আইন ঢাকা ক্যান্টনমেন্ট (ইমারত নির্মাণ) উপ-আইন, ২০২০ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনো কিছু না থাকিলে, এই উপ-আইনে—

(ক) “অনুমোদিত নকশা” অর্থ আইনের বিধানানুযায়ী বোর্ড কর্তৃক অনুমোদিত ভবন বা কাঠামোর নকশা;

(খ) “আইন” অর্থ ক্যান্টনমেন্ট আইন, ২০১৮ (২০১৮ সনের ২৭ নং আইন);

( ১৭১৩ )

মূল্য : টাকা ৪০.০০

- (গ) “আবেদনকারী” অর্থ সংশ্লিষ্ট ভূমির বৈধ মালিক এমন কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান যিনি উক্ত ভূমিতে ইমারত নির্মাণ সংক্রান্ত বিষয়ে প্রযোজ্য সকল অনুমতি প্রাপ্তির জন্য আবেদন করিতে ইচ্ছুক এবং বৈধ মালিকের পক্ষে আবেদনকারী হিসাবে আমমোক্তারনামাবলে নিযুক্ত ব্যক্তি অথবা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (ঘ) “ইমারতের উচ্চতা” অর্থ ইমারতের প্লিন্স লেভেল হইতে ইমারতটির সর্বোচ্চ বিন্দুর খাড়া দূরত্ব (সিঁড়িঘর, জলাধার, লিফট মেশিন রুম অন্তর্ভুক্ত নহে), যাহা নির্ধারণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচ্য হইবে, যথা:—
- (অ) ছাদ ঢালু হইলে এইক্ষেত্রে ঢালু ছাদের গড় ধরা হইবে;
- (আ) ঢালু এলাকায় নির্মাণের ক্ষেত্রে উচ্চতা নির্ণয়ের জন্য রাস্তার পরিবর্তে ইমারতের সর্বনিম্ন মেঝের তলকে গ্রহণ করা হইবে; এবং
- (ই) স্থাপত্যিক উপাদান, যাহা কেবল নান্দনিক ও অলংকরণের জন্য ব্যবহৃত হয়, তাহা উচ্চতার অংশ হিসাবে গণ্য করা হইবে না;
- (ঙ) “কমিটি” অর্থ বোর্ড কর্তৃক এই উপ-আইনের অধীন গঠিত কোনো সাধারণ বা কারিগরি কমিটি;
- (চ) “কারিগরি ব্যক্তি” অর্থ আবেদনকারী কর্তৃক নিয়োগকৃত স্থপতি বা প্রকৌশলী;
- (ছ) “ক্যান্টনমেন্ট” অর্থ আইনের ধারা ৩ এর উপ-ধারা (২) এর অধীন ক্যান্টনমেন্ট হিসাবে গণ্যকৃত ঢাকা ক্যান্টনমেন্ট;
- (জ) “ডিওএইচএস” অর্থ ডিফেন্স অফিসারস হাউজিং স্কীম;
- (ঝ) “নকশা” অর্থ এই উপ-আইনের অধীন ইমারত এবং অন্যান্য স্থাপনা নির্মাণের উদ্দেশ্যে প্রস্তুতকৃত সকল নকশা;
- (ঞ) “নির্মাণ” অর্থ যে কোনো ধরনের ইমারত, ভবন বা স্থাপনা নির্মাণ, পুনঃনির্মাণ বা প্রতিস্থাপন এবং ইমারতের ব্যবহারের ধরন পরিবর্তন;
- (ট) “পার্কিং স্থান” অর্থ যানবাহন রাখিবার মতো আবদ্ধ বা খোলা, বেজমেন্ট (ভূমিতল), আচ্ছাদিত বা উন্মুক্ত যথেষ্ট আয়তনের একটি জায়গা, যাহার সহিত যানবাহন যাতায়াত উপযোগী একটি পথের মাধ্যমে বাহিরের রাস্তার সংযোগ রহিয়াছে;
- (ঠ) “প্রকৌশলী” অর্থ কোনো ব্যক্তি যিনি প্রকৌশল বিষয়ে যথাযথ ডিগ্রি ও সনদপ্রাপ্ত এবং ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নিবন্ধিত;
- (ড) “প্লিন্স লেভেল” অর্থ রাস্তার উপরিতল হইতে ইমারত ব্যবহারের প্রথম প্রাপ্ত তল;
- (ঢ) “ফরম” অর্থ এই উপ-আইনের কোনো ফরম;
- (ণ) “বিধিমালা” অর্থ ইমারত নির্মাণ বিধিমালা, ২০০৮;
- (ত) “বিল্ডিং কোড” অর্থ বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড;
- (থ) “ভূমি-ব্যবহার ছাড়পত্র” অর্থ ক্ষেত্রমত বোর্ড কর্তৃক আবেদনকারীর ভূমির ব্যবহার সম্পর্কিত ছাড়পত্র;

- (দ) “মেজানাইন তলা” অর্থ ভবনের যে কোনো দুইটি মূল তলার মধ্যবর্তী একটি মাঝামাঝি আংশিক তলা;
- (ধ) “সেটব্যাক” অর্থ প্রতিটি ইमारতের সম্মুখে, পার্শ্বে এবং পশ্চাতে ন্যূনতম উন্মুক্ত স্থান;
- (নে) “সানশেড” অর্থ রোদ বৃষ্টি হইতে রক্ষার জন্য বহিঃ দেওয়ালের উপর স্থাপিত ওভার হ্যাং স্লাব; এবং
- (প) “স্থপতি” অর্থ কোনো ব্যক্তি যিনি স্থাপত্য বিষয়ে যথাযথ ডিগ্রি ও সনদপ্রাপ্ত এবং ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নিবন্ধিত।

(২) এই উপ-আইনে অন্য যে সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহৃত হইয়াছে, কিন্তু সংজ্ঞায়িত হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে, এই উপ-আইনেও উক্ত অর্থ বুঝাইবে।

### দ্বিতীয় অধ্যায়

#### ইमारতের নকশা অনুমোদন ও বসবাস উপযোগিতার অনুমোদন

৩। **নির্মাণ অনুমোদনপত্র গ্রহণের পদ্ধতি।**—নির্মাণ অনুমোদন পত্রের জন্য অনুচ্ছেদ ৬ হইতে ১২ তে বর্ণিত প্রয়োজনীয় দলিলাদি, ৭ (সাত) কপি আর্কিটেকচারাল ও ৫ (পাঁচ) কপি স্ট্রাকচারাল নকশা এবং অনুমোদন ফিসহ ফরম-৩০১ এর মাধ্যমে আবেদন করিতে হইবে।

৪। **কারিগরি ব্যক্তি কর্তৃক নকশা স্বাক্ষর।**—আবেদনকারী আবেদনপত্র ও নকশায় এবং কারিগরি ব্যক্তিবর্গ নকশায় অমুদ্রিত স্বাক্ষর প্রদান করিবেন এবং তাহাদের পেশাজীবী সংগঠনের সদস্য নম্বর ও রেজিস্ট্রেশন নম্বর নকশা ও দলিলাদির নির্ধারিত স্থানে উল্লেখ করিবেন।

৫। **সংযুক্তি।**—নির্মাণ অনুমোদনপত্রের জন্য আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত দলিলাদি (A3 বা A4 আকারের কাগজে) নকশাসহ সংযুক্ত করিতে হইবে, যথা :—

- (ক) অ্যাপার্টমেন্ট ভবনের ক্ষেত্রে তলাওয়ারী আবাস-ইউনিটের সর্বমোট সংখ্যা;
- (খ) গভীর ভিত্তি, পাইলিং, বেজমেন্ট বা ভূগর্ভস্থ তলা নির্মাণের জন্য প্রযোজ্য ক্ষেত্রে সংযুক্তি-৩০১ এর মাধ্যমে আবেদনকারী স্বাক্ষরিত ক্ষতিপূরণ মুচলেকা বা ইনডেমনিটি বন্ড;
- (গ) নির্ধারিত ফি প্রদানের রশিদের কপি;
- (ঘ) সংশ্লিষ্ট ভূমি ও ভবনাদিতে আবেদনকারীর বৈধ মালিকানার প্রমাণস্বরূপ দলিলাদির সত্যায়িত অনুলিপি;
- (ঙ) প্লটের ক্ষেত্রফল, সেট ব্যাক স্থানের পরিমাপ এবং মোট তলার সংখ্যা; এবং
- (চ) প্রকল্পে নিয়োজিত স্থপতির অভিজ্ঞতার প্রমাণস্বরূপ সংশ্লিষ্ট পেশাজীবী প্রতিষ্ঠানের কারিগরি ব্যক্তি হিসাবে তালিকাভুক্তির সার্টিফিকেটের অনুলিপি।

৬। **নকশার মাপ।**—আন্তর্জাতিক এ (A) সিরিজের নিম্নরূপ প্রযোজ্য (A3 হইতে A4 সাইজ) কাগজে মেট্রিক মাপে সকল নকশা প্রণয়ন করিতে হইবে, যথা :—

- (ক) এ০ ১১৮৮ এম এম × ৮৪১ এম এম (কাগজের পুরুত্ব/ওজন ৮০ গ্রাম);
- (খ) এ১ ৮৪১ এম এম × ৫৯৪ এম এম (কাগজের পুরুত্ব/ওজন ৮০ গ্রাম);
- (গ) এ২ ৫৯৪ এম এম × ৪২০ এম এম (কাগজের পুরুত্ব/ওজন ৮০ গ্রাম);
- (ঘ) এ৩ ৪২০ এম এম × ২৯৭ এম এম (কাগজের পুরুত্ব/ওজন ৮০ গ্রাম); এবং
- (ঙ) এ৪ ২৯৭ এম এম × ২১০ এম এম (কাগজের পুরুত্ব/ওজন ৮০ গ্রাম)।

৭। **নকশায় তথ্য সন্নিবেশ।**—নকশাসমূহে নিম্নবর্ণিত তথ্য সন্নিবেশিত থাকিতে হইবে, যথা :—

- (ক) নকশার টাইটেলসহ আবেদনকারীর নাম, ঠিকানা, টেলিফোন বা মোবাইল নম্বর ও অমুদ্রিত স্বাক্ষর;
- (খ) প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট পরিকল্পনাবিদ, স্থপতি বা প্রকৌশলীর নাম, ঠিকানা, টেলিফোন বা মোবাইল নম্বর ও অমুদ্রিত স্বাক্ষরসহ স্ব স্ব পেশাজীবী প্রতিষ্ঠানের সদস্যপদ নম্বর ও রেজিস্ট্রেশন নম্বর;

**ব্যাখ্যা।**—এই দফার উদ্দেশ্য পূরণকল্পে, “পরিকল্পনাবিদ” অর্থ যিনি পরিকল্পনা বিষয়ে যথাযথ ডিগ্রি ও সনদপ্রাপ্ত এবং ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড/রাজউক কর্তৃক নিবন্ধিত;

- (গ) ব্যক্তি বা অন্যান্য ক্ষেত্রে প্লট নম্বর, রাস্তা নম্বর এবং চৌহদ্দির বর্ণনা।

৮। **সাইট নকশা।**—সাইট বা এলাকা নকশা অন্যান্য ১:৪০০০ স্কেলে অঙ্কিত হইতে হইবে এবং উহাতে সাইটের দাগ বা প্লট এবং পার্শ্ববর্তী দাগ বা প্লটসমূহের অবস্থান নির্দেশক থাকিতে হইবে।

৯। **লে-আউট নকশা।**—লে-আউট নকশা ১:২০০ স্কেলে অঙ্কিত হইতে হইবে এবং উহাতে নিম্নবর্ণিত তথ্য থাকিতে হইবে, যথা :—

- (ক) ক্ষেত্রমত সাইটে বিদ্যমান ভবনসমূহের পরিসীমা, বহির্ভাগের পরিমাপ, উচ্চতা, তলার সংখ্যা এবং রক্ষিত আবশ্যিক উন্মুক্ত স্থানের পরিমাপ;
- (খ) প্রস্তাবিত ও বিদ্যমান ভবনসমূহের চারিদিকে পানি প্রবাহের দিক-নির্দেশনাসহ নর্দমার (যদি থাকে) অবস্থান;
- (গ) ভূগর্ভস্থ জলাধার, সেপটিক ট্যাংক এবং সোক পিট, পয়ঃনিষ্কাশন লাইনের সহিত সংযোগের অবস্থান (যদি থাকে);
- (ঘ) রাস্তা হইতে সাইটে প্রবেশ ও নির্গমন গেইটের অবস্থান ও সংখ্যা;
- (ঙ) সাইটের চতুর্দিকের দিকের সীমানা ও পরিমাপ;
- (চ) সন্নিহিত সড়কসমূহের দৃষ্টে সাইট বা প্লটের দিক-নির্দেশনা এবং সাইটের সংলগ্ন রাস্তার প্রস্থ।

১০। **ফ্লোর প্ল্যান**—ভূগর্ভস্থ ও মেজানাইন তলাসহ ইমারতের সকল তলার ফ্লোর প্ল্যান ১:১০০ স্কেলের মাপে প্রণয়ন করিতে হইবে এবং উহাতে নিম্নবর্ণিত বিষয়সমূহ সুস্পষ্টভাবে উল্লেখ থাকিতে হইবে, যথা :—

- (ক) ছাদের পানি নিষ্কাশন ব্যবস্থা, টেরাস (Terrace) (যদি থাকে), লিফট মেশিন রুম (প্রয়োজ্য ক্ষেত্রে), সিঁড়িঘরের ছাদ এবং পানির আউটলেট প্রদর্শনপূর্বক প্রস্তুতকৃত ছাদের নকশা;
- (খ) দরজা ও জানালার অবস্থানসহ সকল কক্ষ ও পরিসরের পরিমাপ, আকৃতি ও অবস্থান এবং উহার ব্যবহার;
- (গ) প্রবেশ, নির্গমন, ড্রাইভওয়ে ও পার্কিং এর স্থান প্রদর্শনপূর্বক পার্কিং প্ল্যান; এবং
- (ঘ) সিঁড়িঘরসহ প্রয়োজ্য ক্ষেত্রে লিফটকোর, এসকেলেটর, র‍্যাম্প, জরুরী নির্গমন সিঁড়ির অবস্থান ও পরিমাপ।

১১। **ছেদচিত্র**—গুরুত্বপূর্ণ অংশের পরিমাপসহ কমপক্ষে দুইটি সেকশন (লম্বালম্বি ও আড়াআড়ি) ১:১০০ স্কেলের মাপে প্রণয়ন করিতে হইবে যাহার মধ্যে অন্তত একটি সিঁড়িঘরকে ছেদ করিবে এবং ছেদচিত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহ প্রদর্শন করিতে হইবে, যথা :—

- (ক) দেওয়াল হইতে বহির্ভাগ প্রসারিত বিভিন্ন অংশের পরিমাপ (ব্যালকনি, সানশেড, ইত্যাদি);
- (খ) ভূমিতলের বিদ্যমান ও প্রস্তাবিত লেভেল; এবং
- (গ) মেজানাইন তলাসহ (প্রয়োজ্য ক্ষেত্রে) প্রতি তলার উচ্চতা, কাড় (Loft), লিফট মেশিন রুম (যদি থাকে), প্যারাপেটের উচ্চতা, বিদ্যমান ভূমি, সড়ক ও ফুটপাথের প্রেক্ষিতে ভবনের সর্বোচ্চ উচ্চতা।

১২। **উচ্চতা চিত্র**—ইমারতের সর্বোচ্চ উচ্চতা ও গুরুত্বপূর্ণ পরিমাপসহ সকল দিকের উচ্চতা (Elevations) চিত্র ১:১০০ স্কেলে প্রণয়ন করিতে হইবে।

১৩। **আবেদনের নিষ্পত্তি**—(১) বোর্ড অনুচ্ছেদ ৩ এর অধীন প্রাপ্ত আবেদনপত্রটি অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ চিহ্নিত হইলে উহা প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে প্রয়োজনীয় তথ্য ও দলিলাদি সরবরাহের জন্য লিখিতভাবে আবেদনকারীকে অনুরোধ জানাইবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) অনুযায়ী তথ্য ও দলিলাদি সরবরাহের অনুরোধ সংবলিত পত্র প্রাপ্তির তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আবেদনকারীকে প্রয়োজনীয় তথ্য ও দলিলাদি বোর্ডের নিকট সরবরাহ করিতে হইবে এবং উক্ত সময়ের মধ্যে তাহা সরবরাহ করিতে ব্যর্থ হইলে উক্ত আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।

(৩) বোর্ড আবেদন প্রাপ্তির ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে অথবা নূতন তথ্য ও দলিলাদি সরবরাহ করা হইলে উহা প্রাপ্তির তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে যথাযথ পদ্ধতি অনুসরণক্রমে প্রস্তাবিত উন্নয়ন প্রকল্পটি শর্তহীন অথবা শর্তসাপেক্ষে ফরম-৩০২ এর মাধ্যমে অনুমোদন প্রদান করিবে।

(৪) উপ-অনুচ্ছেদ (৩) এর বিধান অনুযায়ী আবেদনপত্র অনুমোদিত হইলে আবেদনকারীকে বোর্ডের স্বাক্ষর ও সীলযুক্ত ৪ (চার) ফর্দ অনুমোদিত নকশা ও দলিলাদি সরবরাহ করা হইবে।

(৫) আবেদনপত্র প্রত্যাখ্যান করা হইলে ইহার কারণ প্রদর্শনপূর্বক ফরম-৩০৩ এর মাধ্যমে বোর্ড আবেদনকারীকে অবহিত করিবে।

(৬) আবেদন প্রত্যাখ্যান করা হইলে আবেদনকারী উহা অবহিত হইবার ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ফরম-৩০৪ এর মাধ্যমে বোর্ডের সভাপতির নিকট আপিল করিতে পারিবেন।

(৭) উপ-অনুচ্ছেদ (৬) এর অধীন প্রাপ্ত আপিল নিষ্পত্তির জন্য বোর্ডের সভাপতি প্রয়োজনে সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস-কে আহবায়ক এবং স্টেশন স্টাফ অফিসার, ঢাকা সেনানিবাস ও নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড-কে সদস্য করিয়া একটি আপিল সাব-কমিটি গঠন করিবে এবং আপিল সাব-কমিটি আবেদন প্রাপ্তির ৩০(ত্রিশ) দিনের মধ্যে বোর্ডের সভাপতির নিকট সিদ্ধান্ত সংবলিত সুপারিশ প্রদান করিবে।

(৮) উপ-অনুচ্ছেদ (৭) অনুযায়ী আপিল আবেদন গৃহীত হইলে বোর্ড ফরম-৩০৫ এর মাধ্যমে অনুমোদন, বা আপিল আবেদন গৃহীত না হইলে ফরম-৩০৬ এর মাধ্যমে প্রত্যাখ্যান করিবে।

১৪। **আবেদনকারীর দায়িত্ব।**—নির্মাণ সংশ্লিষ্ট বিষয়ে আবেদনকারীর দায়িত্ব ও কর্তব্য হইবে নিম্নরূপ, যথা :—

- (ক) অনুমোদিত কারিগরি ব্যক্তি দ্বারা প্রয়োজনীয় হিসাব-নিকাশ সংরক্ষণসহ সকল কাঠামোগত, বৈদ্যুতিক, প্লাস্টিং এবং যান্ত্রিক ডিজাইন ও ড্রয়িং প্রস্তুত করা;
- (খ) সকল ধরনের উন্নয়ন ও নির্মাণ কাজ কারিগরি ব্যক্তির, যাহাদের বিবরণ পূর্বেই বোর্ডের নিকট প্রদান করা হইয়াছে, তত্ত্বাবধানে সম্পন্ন করা;
- (গ) ইমারত নির্মাণের ক্ষেত্রে অনুমোদিত নকশা ও দলিলাদির পরিপন্থী কাজ না করা;
- (ঘ) ইমারতের বর্ধিতকরণ, পরিবর্তন অথবা স্থগিত বা অসম্পূর্ণ কাজ সম্পাদনসহ যে কোনো নির্মাণ কাজ শুরু করিবার পূর্বে নির্মাণ প্রকল্পের সকল প্রয়োজনীয় নকশার অনুমোদন গ্রহণ এবং অনুমোদিত সময়সীমার মধ্যে নির্মাণ কাজ সম্পন্নকরণ এবং অনুমোদিত নকশার কপি সাইটে সহজে দৃশ্যমান স্থানে প্রদর্শন;
- (ঙ) নির্মাণ কাজের ধাপ বা পর্ব সম্পন্নের পূর্বে বা শেষে নিয়োজিত কারিগরি ব্যক্তিবর্গের প্রতিবেদনসহ ফরম-৩০৯ ও ফরম-৩১০ এর মাধ্যমে বোর্ডকে অবহিতকরণ;
- (চ) কাজ শুরু করিবার কমপক্ষে ১৫ (পনের) দিন পূর্বে ফরম-৩০৭ এর মাধ্যমে বোর্ডকে লিখিতভাবে কাজ শুরু করিবার অথবা স্থগিত কাজ পুনরায় শুরু করিবার ইচ্ছা প্রকাশ করিয়া সংশ্লিষ্ট ব্যক্তি বা ব্যক্তিবর্গের স্বাক্ষরযুক্ত প্রত্যয়ন বা সম্মতিসহ নোটিশ প্রদান;
- (ছ) কারিগরি ব্যক্তি বা ব্যক্তিবর্গের নূতন নিয়োগ এবং উক্ত বিষয়ে বোর্ডকে অবহিত না করা পর্যন্ত নির্মাণ কাজ স্থগিত রাখা;
- (জ) কোনো কারণবশত নিয়োগপ্রাপ্ত কারিগরি ব্যক্তি বা ব্যক্তিবর্গের কাজ বন্ধ হইয়া গেলে উহা ১৫ (পনের) দিনের মধ্যে বোর্ডকে অবহিতকরণ;

- (ঝ) প্রকল্পের নির্মাণ কাজ সারণী-১ এর বর্ণনা অনুযায়ী কারিগরি ব্যক্তিবর্গ দ্বারা তত্ত্বাবধান করানো;
- (ঞ) প্রকল্পে নিয়োজিত কোনো কারিগরি ব্যক্তিকে নূতন নিয়োগ অথবা পরিবর্তন বিষয়ে ফরম-৩০৮ এর মাধ্যমে বোর্ডকে ১৫ (পনের) দিনের মধ্যে লিখিতভাবে অবহিত করা এবং কারিগরি ব্যক্তি পরিবর্তনের ক্ষেত্রে নূতন নিয়োগপ্রাপ্ত কারিগরি ব্যক্তির দায়িত্ব গ্রহণ না করা এবং তাহার সম্মতি বোর্ডকে অবহিত না করা পর্যন্ত নির্মাণ কাজ স্থগিত রাখা;
- (ট) প্রতিটি পর্বের নির্মাণ সম্পন্নকরণের বিষয়ে বোর্ডকে অবহিত করা; এবং
- (ঠ) প্রকল্পের স্থাপত্যিক, কাঠামো, বৈদ্যুতিক, প্লাস্টিং বা সেনেটারি ও যান্ত্রিক ডিজাইন এবং তত্ত্বাবধান (যাহা প্রযোজ্য) করিবার দায়িত্বপ্রাপ্ত সকল কারিগরি ব্যক্তিগণের নাম-ঠিকানা সহ তাহাদের সম্মতি বোর্ডকে অবহিতকরণ।

১৫। **কারিগরি ব্যক্তির দায়িত্ব**—(১) কোনো নির্মাণ কাজে নিয়োজিত কারিগরি ব্যক্তির দায়িত্ব ও কর্তব্য হইবে নিম্নরূপ, যথা :—

- (ক) ইমারত বা প্রকল্পের সহিত তাহার সংশ্লিষ্টতার মেয়াদ নির্মাণ কাজ সম্পন্ন হইবার আগেই ছেদ হইয়া গেলে বিষয়টি ১৫ (পনের) দিনের মধ্যে ফরম-৩১৩ এর মাধ্যমে আংশিক কাজ তদারকির প্রত্যয়নপত্র সহ বোর্ডকে অবহিতকরণ;
- (খ) কাঠামো নকশা (Structural Design), অগ্নিনির্বাপক অথবা অন্যান্য নিরাপত্তা ব্যবস্থা সম্পর্কে সঠিক তথ্য পরিবেশন; এবং
- (গ) নির্ধারিত ডিজাইন ও স্পেসিফিকেশনের সহিত যুক্ত এমন কোনো প্রয়োজনীয় তথ্য ও বিবরণ সম্পর্কে সঠিক তথ্য প্রদান।

(২) নির্মাণ কাজ আংশিক বা পূর্ণ সমাপনান্তে বসবাস বা ব্যবহার সনদ গ্রহণের জন্য বোর্ড কর্তৃক নির্মাণ সমাপ্তি সনদ প্রদান না করা পর্যন্ত এতদসংশ্লিষ্ট কারিগরি ব্যক্তির দায়িত্বের সংশ্লিষ্টতা থাকিবে।

(৩) এই উপ-আইনের অধীন ইমারত নির্মাণের নিমিত্ত নিযুক্ত কারিগরি ব্যক্তি কোনো যুক্তিসঙ্গত কারণ ছাড়া উপ-অনুচ্ছেদ (১) এর অধীন দায়িত্ব পালনে ব্যর্থ হইলে উহা তাহার গাফিলতি হিসাবে গণ্য হইবে এবং তজ্জন্য উক্ত ব্যক্তিকে অনধিক ৩ (তিন) বৎসরের জন্য কালো তালিকাভুক্ত করা যাইবে।

১৬। **নির্মাণ সংশ্লিষ্ট নিরাপত্তা ও তদারকি**—নির্মাণ কাজ চলাকালে আবেদনকারীকে নিম্নবর্ণিত নিরাপত্তামূলক পদক্ষেপ ও তদারকির ব্যবস্থা গ্রহণ করিতে হইবে, যথা :—

- (ক) আবাসিক এলাকায় সন্ধ্যা ৬টা হইতে পরদিন সকাল ৬টা পর্যন্ত কোনো যন্ত্রপাতি ব্যবহার বা নির্মাণ পদ্ধতির মাধ্যমে নির্মাণ সাইট বা প্রকল্প স্থানে বিরক্তিকর কোনো আওয়াজ বা পরিস্থিতির সৃষ্টি না করা;
- (খ) নির্মাণ প্রকল্পের দ্রব্যাদি ও জিনিসপত্র জনপথে কিংবা ফুটপাতে রাখিয়া জনসাধারণের চলাচলে অসুবিধা সৃষ্টি না করা;

- (গ) নির্মাণ স্থলে এবং তাহার চারিপাশে প্রয়োজনীয় এবং যথোপযুক্ত নিরাপত্তা ব্যবস্থা রাখা;
- (ঘ) যদি নির্মাণ কাজ কোনো রাস্তায় বা স্থানে জনসাধারণের জন্য বাধা-বিপত্তি অথবা অসুবিধা সৃষ্টি করে, তাহা হইলে উক্ত স্থানে অস্থায়ী ঘের, জীবনরক্ষাকারী বাধা (Shield) এবং বিকল্প চলাচল পথ তৈরি করিয়া জনসাধারণের নিরাপত্তা নিশ্চিত করা; এবং
- (ঙ) প্রয়োজনে বোর্ডের পরিদর্শনকালে কারিগরি ব্যক্তি দ্বারা নির্মাণ সংশ্লিষ্ট নিরাপত্তা ও তদারকি বিষয়ে প্রয়োজনীয় তথ্য, ড্রয়িং ও অন্যান্য কাগজপত্র সরবরাহ করিয়া এবং স্ব-খরচে পরীক্ষা করিয়া সহায়তা প্রদান।

১৭। **সমাপ্তি প্রতিবেদন।**—(১) নির্মাণ প্রকল্পের আংশিক অথবা সম্পূর্ণ কাজের উপর আবেদনকারী ফরম-৪০১ এর মাধ্যমে একটি সমাপ্তি প্রতিবেদন দাখিল এবং বসবাস বা ব্যবহার সনদপত্রের জন্য আবেদন করিবেন।

(২) প্রতিবেদনের সহিত নিয়োজিত কারিগরি ব্যক্তি বা ব্যক্তিবর্গ কর্তৃক নির্মাণ কাজ বিষয়ে ফরম-৪০২ এ প্রদত্ত প্রত্যয়নপত্র সংযুক্ত করিতে হইবে।

(৩) নিযুক্ত কারিগরি ব্যক্তি বা ব্যক্তিবর্গ তাহার দায়িত্ব পালনকালীন যে সকল কাজের তদারকি করিয়াছেন তদসংক্রান্ত একটি তদারকি প্রতিবেদন বোর্ড বরাবর দাখিল করিবেন।

(৪) বোর্ড নির্মাণ প্রকল্প পরিদর্শনপূর্বক আবেদনকারী বরাবর বসবাস বা ব্যবহার সনদপত্র (ফরম-৪০৩) প্রদান করিবে অথবা নির্মাণ প্রকল্প বা ইমারতটি বসবাস বা ব্যবহারের উপযুক্ত না হইলে কারণ উল্লেখপূর্বক ব্যবহার সনদের আবেদন প্রত্যাখ্যান (ফরম-৪০৪) করিতে পারিবে।

(৫) আবেদনকারী আবেদন প্রত্যাখ্যানের বিরুদ্ধে পুনরায় আবেদন (ফরম-৪০৫) করিতে পারিবেন বা বসবাস বা ব্যবহার সনদপত্রের সময়সীমা শেষ হইলে নবায়নের আবেদন (ফরম-৪০৬) করিতে পারিবেন।

(৬) উপ-অনুচ্ছেদ (৫) এর অধীন বসবাস বা ব্যবহার সনদ নবায়নের আবেদনের প্রেক্ষিতে বোর্ড বসবাস বা ব্যবহার সনদপত্র নবায়ন (ফরম-৪০৭) করিতে পারিবে বা কারণ উল্লেখপূর্বক নবায়নের আবেদন প্রত্যাখ্যান (ফরম-৪০৮) করিতে পারিবে।

## তৃতীয় অধ্যায়

### কমিটি

১৮। **কমিটি গঠন।**—এই উপ-আইনের উদ্দেশ্য পূরণকল্পে, বোর্ড, প্রয়োজনে, আদেশ দ্বারা এক বা একাধিক সাধারণ বা কারিগরি কমিটি গঠন এবং উহার কার্যপরিধি নির্ধারণ করিতে পারিবে।

## চতুর্থ অধ্যায়

## কারিগরি ব্যক্তির তালিকা, শ্রেণিবিন্যাস, ইত্যাদি

১৯। কারিগরি ব্যক্তির তালিকা প্রণয়ন।—(১) এই উপ-আইন অনুযায়ী নকশা প্রণয়ন, নির্মাণ কাজের তত্ত্বাবধান, প্রতিবেদন প্রস্তুত এবং অন্য কোনো কাজে জড়িত কারিগরি ব্যক্তিকে বোর্ডের নিকট তালিকাভুক্ত হইতে হইবে।

(২) কারিগরি ব্যক্তি হিসাবে তালিকাভুক্তির জন্য কোনো ব্যক্তিকে সংশ্লিষ্ট পেশাজীবী প্রতিষ্ঠানের নিকট হইতে প্রাপ্ত সদস্য সনদ, তাহার সদ্য তোলা পাসপোর্ট সাইজ ছবি, যোগাযোগের ঠিকানা, টেলিফোন বা মোবাইল নম্বর এবং নমুনা স্বাক্ষরসহ আবেদন করিতে হইবে।

(৩) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন কারিগরি ব্যক্তি হিসাবে তালিকাভুক্তির জন্য বোর্ডের কারিগরি কমিটির নিকট আবেদন করিতে হইবে।

(৪) বোর্ড আবেদনকারীর দাখিলকৃত কাগজাদি ও তথ্যাদি বিবেচনাপূর্বক তালিকাভুক্তির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(৫) বোর্ড তালিকাভুক্ত কারিগরি ব্যক্তির হালনাগাদ তালিকা সংরক্ষণ করিবে।

২০। কারিগরি ব্যক্তির শ্রেণিবিন্যাস।—ইমারতের ধরন বা ব্যবহার অনুযায়ী কারিগরি বিষয়ে অভিজ্ঞ ব্যক্তিবর্গ যাহারা এই উপ-আইন অনুযায়ী নকশা প্রণয়ন, স্বাক্ষর ও প্রতিবেদন প্রস্তুত করিতে পারিবে তাহাদের শ্রেণিবিন্যাস ও নূনতম যোগ্যতা সারণী-১ অনুযায়ী হইতে হইবে।

## পঞ্চম অধ্যায়

## ইমারত নির্মাণ নিয়মাবলি

২১। ইমারত নির্মাণের ক্ষেত্রে অনুসরণীয় শর্তাবলি।—ইমারত নির্মাণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অনুসরণ করিতে হইবে, যথা :—

- (ক) ইমারতে একটিমাত্র প্রবেশ পথ থাকিবে যাহা অন্যান্য প্লটের সহিত সামঞ্জস্যপূর্ণ হইবে;
- (খ) ইমারতের সম্মুখে, পশ্চাতে এবং দুই পার্শ্বের সীমানা হইতে নিম্নরূপ উন্মুক্ত স্থান বা সেটব্যাক রাখিতে হইবে, যথা :—

ক্র: নং	সাইটের আয়তন	ইমারতের সম্মুখ সীমানা হইতে (মিটার/ফুট)	ইমারতের পশ্চাৎ দিকের সীমানা হইতে (মিটার/ফুট)	ইমারতের দুই পার্শ্বের সীমানা হইতে (মিটার/ফুট)
১।	দুই কাঠা পর্যন্ত (আবাসিক)	১.৫০ মিঃ/(৫'-০")	১.৫০ মিঃ/(৫'-০")	০.৯১মিঃ/(৩'-০")
২।	তিন কাঠা পর্যন্ত (আবাসিক)	১.৫০ মিঃ/(৫'-০")	১.৫০ মিঃ/(৫'-০")	১.২৫মিঃ/(৪'-১")
৩।	চার কাঠা পর্যন্ত (আবাসিক)	১.৫০ মিঃ/(৫'-০")	১.৭৫ মিঃ/(৫'-৯")	১.২৫মিঃ/(৪'-১")
৪।	পাঁচ কাঠা পর্যন্ত ও পাঁচ কাঠার অধিক (আবাসিক)	১.৫০ মিঃ/(৫'-০")	২.০০ মিঃ/(৬'-৭")	১.২৫মিঃ/(৪'-১")
৫।	পাঁচ কাঠা পর্যন্ত ও পাঁচ কাঠার অধিক (বাণিজ্যিক)	৩.০০মিঃ/(১০'-০")	২.০০ মিঃ/(৬'-৭")	১.৫০মিঃ/(৫'-০")

- (গ) কেবল সানশেড সেটব্যাকে তৈরি করা যাইতে পারে;
- (ঘ) গ্রাউন্ড ফ্লোর উঁচু বা নিচু করা যাইবে না এবং জেনারেটর ও ট্রান্সফরমার রুম দেওয়াল ঘেরা জায়গার মধ্যে তৈরি করিতে হইবে;
- (ঙ) গ্রাউন্ড ফ্লোর অথবা বেজমেন্টের প্রবেশ ও বাহির হইবার র‍্যাম্প কোনোভাবেই নিজ সীমানা বা সেটব্যাক এরিয়া (নিজ বাড়ীর গেইট বা দেওয়াল) অতিক্রম করিয়া ফুটপাথ বা রাস্তা পর্যন্ত সম্প্রসারণ করা যাইবে না;
- (চ) নতুন ভবন নির্মাণের ক্ষেত্রে—
- (অ) সর্বোচ্চ ০৮ (আট) তলা (ভূ-গর্ভস্থ তলা ব্যতীত জি+৭) ভবন নির্মাণ করা যাইবে এবং ০৮ তলার (জি+৭) ছাদ পর্যন্ত ভবনের উচ্চতা প্লিস্ট্র লেভেল হইতে ৮০ ফুটের অধিক হইবে না;
- (আ) ০৮ (আট) তলার ছাদে সিঁড়ি ঘর সর্বোচ্চ উচ্চতা ৮ (আট) ফুট পর্যন্ত নির্মাণ করা যাইবে এবং ভবনের জন্য লিফট ব্যবহারের ক্ষেত্রে ০৮ (আট) তলার ছাদের উপর একটিমাত্র মেশিন রুম নির্মাণ করা যাইবে যাহার উচ্চতা সর্বোচ্চ ১৫ ফুট পর্যন্ত হইবে;
- (ই) জলাধার নির্মাণের ক্ষেত্রে মেশিন রুমের জন্য প্রদত্ত সর্বোচ্চ উচ্চতা অতিক্রম করা যাইবে না; এবং
- (ঈ) ০৮ (আট) তলা ভবনের অতিরিক্ত একটি ভূ-গর্ভস্থ তলা (বেজমেন্ট ফ্লোর) নির্মাণ করা যাইবে-যাহা কেবল গাড়ী পার্কিং এর জন্য ব্যবহার করা যাইবে;
- (ছে) প্লিস্ট্র লেভেল হইতে ইমারতের উচ্চতা নির্ধারণ করা হইবে এবং **প্লিস্ট্র লেভেলের উচ্চতা** সংলগ্ন রাস্তার লেভেল হইতে সর্বনিম্ন ১২ ইঞ্চি এবং সর্বোচ্চ **২ ফুট ৬ ইঞ্চি** হইতে পারিবে, তবে র‍্যাম্পের দৈর্ঘ্য কোনোভাবেই প্লটের সীমানার বাহিরে যাইবে না;
- (জ) প্লটের অভ্যন্তরে সেটব্যাক এরিয়ার সামনে এবং পিছনের অংশে গার্ড লিভিং রুম, কিচেন ও টয়লেট এবং গেট সংলগ্ন একটি গার্ড পোস্টসহ সম্মিলিতভাবে সর্বোচ্চ ১২০ বর্গফুট আয়তনের জায়গা ব্যবহার করা যাইবে যাহার উচ্চতা সর্বোচ্চ ১০'-০" পর্যন্ত হইবে;
- (ঝ) **ফ্লোর লেভেলে সানশেড অনুমোদন করা যাইবে না;**
- (ঞ) দফা 'চ' তে যাহা কিছুই থাকুক না কেন, ব্যক্তিমালিকানাধীন নহে এইরূপ আট তলার অধিক (বেজমেন্ট ফ্লোরসহ) বহুতল ভবন, কল্যাণমূলক বা বাণিজ্যিক উদ্দেশ্যে নির্মাণের ক্ষেত্রে, সামরিক বা বেসামরিক বিমানের বর্তমান ও ভবিষ্যৎ চলাচল কোনোভাবে বাধাগ্রস্ত বা ঝুঁকিপূর্ণ নহে মর্মে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এবং বাংলাদেশ বিমানবাহিনীর নিকট হইতে ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে, প্লিস্ট্র লেভেল হইতে ১৫০ (একশত পঞ্চাশ) ফুট উচ্চতা পর্যন্ত (সিঁড়িঘর, জলাধার বা লিফটসহ) ভবন নির্মাণ করা যাইবে;

- (ট) যেই সকল ভবন ০৭ নভেম্বর ২০১৮ তারিখের পূর্বে নির্মিত হইয়াছে অথবা নির্মাণাধীন রহিয়াছে সেই সকল ভবন জি+৭ করিবার ক্ষেত্রে নিম্নবর্ণিত নিয়ম প্রযোজ্য হইবে, যথা :—
- (অ) ভবনের Foundation (ভিত) জি+৭ করিবার জন্য উপযোগী কিনা তাহা বোর্ড কর্তৃক যাচাই-বাছাই সাপেক্ষে অনুমোদিত হইলেই শুধুমাত্র জি+৭ বিশিষ্ট ভবন নির্মাণ করা যাইবে; তবে এই সংক্রান্ত ছাড়পত্র গ্রহণের সমুদয় ব্যয়ভার সংশ্লিষ্ট প্লট মালিক অথবা প্রাধিকৃত ব্যক্তি/প্রতিষ্ঠান/সংস্থা কর্তৃক বহন করিতে হইবে;
- (আ) নূতন নির্ধারিত উচ্চতার (জি+৭) বাহিরে ছাদের উপর জলাধার ও সিঁড়ি ঘর (সর্বোচ্চ ৮ ফুট উচ্চতার) ব্যতিত অন্যান্য কোনো স্থাপনা নির্মাণ করা যাইবে না;
- (ই) জলাধারের নিচে কোনো রুম নির্মাণ করা যাইবে না;
- (ঈ) ৭ম (সাত) তলা হইতে ৮ম (আট) তলা ও ৮ম (আট) তলার ছাদে উঠার ক্ষেত্রে শুধুমাত্র সিঁড়ি ব্যবহৃত হইবে এবং এই অংশে লিফটের ব্যবহার বা ব্যবস্থা থাকিবে না;
- (ঠ) বেজমেন্টের সীমানা দেয়াল কোনোভাবেই সেটব্যাক বা উন্মুক্ত স্থানের সীমানার নিচে হইবে না;
- (ড) বেজমেন্টে প্রয়োজনে গাড়ী লিফট ব্যবহার করা যাইবে;
- (ঢ) প্যারাপেট ওয়ালের উচ্চতা ৩ ফুট এর অধিক হইবে না;
- (ণ) ডিওএইচএস এ দুই বা ততোধিক প্লট একত্রীকরণ করিয়া ভবন নির্মাণ করা যাইবে না, তবে অতিরিক্ত গাড়ী পার্কিং স্থান সংকুলানের লক্ষ্যে ০২ (দুই) টি অথবা ০৪ (চার) টি প্লটে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে শুধুমাত্র বেজমেন্ট একত্রিত করিয়া পার্কিং সুবিধা নির্মাণ করা যাইবে, যথা :—
- (অ) ডিওএইচএস এ ০২ (দুই) টি অথবা ০৪ (চার) টি প্লট একত্রিত করিয়া বেজমেন্ট পার্কিং নির্মাণ করিবার ক্ষেত্রে সকল প্লট মালিকগণ একত্রিত হইয়া বিশেষজ্ঞ আর্কিটেক্ট বা প্রকৌশলী দ্বারা সমন্বিত ড্রয়িং বা ডিজাইন প্রস্তুত করিয়া একত্রে কার্য নির্বাহ করিবে;
- (আ) এই উপ-আইন, বিধিমালা এবং বিল্ডিং কোড অনুসরণ করিয়া বেজমেন্ট নির্মাণের নকশা প্রণয়ন করত কার্যনির্বাহ করিতে হইবে; এবং
- (ই) একাধিক প্লট একত্রিত করিয়া বেজমেন্ট নির্মাণ করিলে অতিরিক্ত পার্কিং সুবিধা পাওয়া যাইবে:
- তবে শর্ত থাকে যে, সঠিক সমন্বিত গমন বা প্রস্থান, বাহ্যিক পয়ঃ নিষ্কাশন, ইত্যাদি পরিকল্পনা অনুযায়ী করিতে হইবে;

- (ত) মেশিন রুমের উপর পানির জলাধার নির্মাণ করা যাইবে না;
- (থ) মাটি রাখিবার শর্ত মানিয়া সম্মুখ, পার্শ্বের ও পশ্চাৎ সেটব্যাক স্পেস ব্যবহার করিতে হইবে;
- (দ) সীমানা প্রাচীরের উচ্চতা সংলগ্ন রাস্তার লেভেল হইতে ২.৫০ মিঃ এর অধিক হইবে না;
- (ধ) সেটব্যাক বা উন্মুক্ত স্থানে কোনো ধরনের স্থাপনা তৈরি করা যাইবে না;
- (ন) **সেটব্যাক বা উন্মুক্ত স্থান পাকা হইতে পারিবে না;**
- (প) সেটব্যাকের অতিরিক্ত স্পেস ছাড়িয়া ইমারত নির্মাণ করিলে কার্নিশের মাপ কোনো অবস্থাতেই সেটব্যাকের মধ্যে বর্ধিতকরণের পূর্বোক্ত শর্ত ভঙ্গ করা যাইবে না; এবং
- (ফ) আবাসিক ভবনের জন্য—
- (অ) ভূ-গর্ভস্থ জলাধার সর্বোচ্চ ৬০,০০০ লিঃ ক্ষমতা সম্পন্ন হইবে; এবং
- (আ) ছাদের জলাধার সর্বোচ্চ ৩০,০০০ লিঃ ক্ষমতা সম্পন্ন হইবে।

২২। **বিভিন্ন তলার নামকরণ ও ভূগর্ভস্থ তলা নির্মাণের শর্তাবলি।**—বিভিন্ন তলার নামকরণ ও ভূগর্ভস্থ তলা নির্মাণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অনুসরণ করিতে হইবে, যথা :—

- (ক) ইমারতের ভিত্তি নির্মাণ চলাকালীন পার্শ্ববর্তী ইমারতের, যদি থাকে, যাহাতে কোনো ক্ষতি না হয় সেই দিক বিবেচনায় লইয়া উহার ভিত্তি নকশা ও কার্যপদ্ধতি ঠিক করিতে হইবে;
- (খ) ভূ-গর্ভস্থ জলাধার গ্রাউন্ড ফ্লোরে বা ভূ-গর্ভস্থ তলার অভ্যন্তরে নির্মাণ করিতে হইবে;
- (গ) ভূ-গর্ভস্থ জলাধার হইতে সেপটিক ট্যাংকের দূরত্ব অনূন্য ২০'-০" থাকিতে হইবে;
- (ঘ) সেপটিক ট্যাংক, সোকওয়েল, স্যুয়ারেজ পিট ও লাইন ভবনের বাহিরের সেটব্যাকের স্থানে তৈরি করিতে হইবে;
- (ঙ) যে কোনো ইমারতের তলাসমূহ ভূ-গর্ভস্থ তলা (বেজমেন্ট ফ্লোর), নিচ তলা বা প্রথম তলা (গ্রাউন্ড ফ্লোর), দ্বিতীয় তলা (ফার্স্ট ফ্লোর), তৃতীয় তলা (সেকেন্ড ফ্লোর), ইত্যাদি নামে অবহিত হইবে;
- (চ) ভূ-গর্ভস্থ তলা নির্মাণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্ত পালন করিতে হইবে, যথা :—
- (অ) ইমারতের সিঁড়ি ও লিফটের যে অংশ থাকিবে উক্ত অংশে ফায়ার এলার্ম সম্বলিত ব্যবস্থাসহ পর্যাপ্ত অগ্নিনির্বাপক যন্ত্রপাতি থাকিতে হইবে এবং উহা অগ্নিনিরোধক দেয়াল বা প্রাচীর দিয়া যথাযথভাবে আলাদা রাখিতে হইবে:
- তবে শর্ত থাকে যে,—
- (১) অগ্নি নিরোধক ব্যবস্থার কার্যক্রম অনূন্য ২ (দুই) ঘণ্টাব্যাপী হইবে;
- (২) সমগ্র স্থানটি স্বাভাবিক এবং যান্ত্রিকভাবে বাতাস চলাচলযুক্ত হইতে হইবে;

- (আ) ক্লিয়ার হাইট অনধিক ২.৬০ মিটার (৮'-৬") হইতে হইবে;
- (ই) টার্নিং এর সুবিধা, গাড়ী ব্যবহারের ক্ষেত্রে, র‍্যাম্প পর্যন্ত থাকিতে হইবে;
- (ঈ) দেয়াল ও মেঝে পানি ও আর্দ্রতারোধক হইতে হইবে;
- (উ) ভূ-গর্ভস্থ তলায় আবাসিক কক্ষ, রান্নাঘর, স্নানঘর, স্টোর রুম ও টয়লেট নির্মাণ করা যাইবে না, কেবল গাড়ী পার্কিং এর জন্য ব্যবহার করা যাইবে;
- (ঊ) যাতায়াতের জন্য রাস্তা হইতে পৃথক র‍্যাম্প বা সিঁড়ির বন্দোবস্ত রাখিতে হইবে এবং র‍্যাম্পের ঢালের খাড়া অনধিক ১:৮ মিটার বা সিঁড়ির ঢালের খাড়া অনধিক ৩:৫ মিটার হইতে হইবে;
- (ঋ) রিটেইনিং ওয়াল এমনভাবে নির্মাণ করিতে হইবে যাহাতে উহার সর্ববহিরাংশ পার্শ্ববর্তী ইमारতের সীমানা হইতে অনূন নিজ সীমানার দিকে ৩০ সেঃমিঃ ভিতরে থাকে; এবং
- (এ) সমগ্র স্থানটি স্বাভাবিক এবং যান্ত্রিকভাবে বাতাস চলাচলযুক্ত হইতে হইবে;
- (ছ) ভূ-গর্ভস্থ তলা নির্মাণকালে নিম্নবর্ণিত বিশেষ সতর্কতা অনুসরণ করিতে হইবে, যথা :—
- (অ) পার্শ্ববর্তী ইमारতের ভিত্তির লেভেল বিবেচনা করিয়া কারিগরি নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণের পূর্বে পার্শ্ববর্তী ইमारতের ও প্রস্তাবিত ইमारতের ভিত্তির লেভেল যদি সমান হয় বা উপরে থাকে তাহা হইলে পার্শ্ববর্তী ইमारতের উর্ধ্বমুখী ওজন (Vertical Load) বিবেচনা করিয়া উহার ভিত্তির মাটি বা ভিত্তির ব্যাঘাত না ঘটাইয়া উহার শোর পাইলিং, প্যালাসাইডিং, শীট পাইলিং, ইত্যাদি নির্মাণ করিয়া সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে;
- (আ) পার্শ্ববর্তী ইमारতের ভিত্তির লেভেল প্রস্তাবিত ইमारতের ভিত্তির লেভেলের নীচে হইলে প্রস্তাবিত ইमारতের ভিত্তির লেভেলের একটি অংশ যাহাতে পার্শ্ববর্তী ইमारতের ভিত্তির ব্যাঘাত না ঘটায় সেইদিকে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে;
- (জ) ভূ-গর্ভস্থ তলা ও ইमारতের নির্মাণ কাজ চলাকালীন কোনো নির্মাণ সামগ্রী রাস্তায় রাখা যাইবে না, এবং ভিত্তির মাটি কাটার পর পাম্পিং করিয়া পানি নিষ্কাশন করিতে হইবে:
- তবে শর্ত থাকে যে, পাম্পিং করিয়া পানি নিষ্কাশনের সময় পার্শ্ববর্তী ইमारতের, যদি থাকে, ভিত্তির ক্ষতি করা যাইবে না;
- (ঝ) ভূ-গর্ভস্থ তলার কাঠামো মাটি কাটার পর অনধিক ২ (দুই) মাসের মধ্যে সম্পন্ন করিতে হইবে এবং উত্তোলিত মাটি তাৎক্ষণিকভাবে নির্মাণ এলাকা হইতে অন্যত্র বা নিচু এলাকায় সরাইয়া লইতে হইবে;
- (ঞ) ভূ-গর্ভস্থ তলায় বাহিরের দেয়ালসহ সিগন্যালিং ব্যবস্থা থাকিতে হইবে; এবং
- (ট) ভূ-গর্ভস্থ তলার সন্নিহিতে কোনো স্থাপনা থাকিলে উক্ত স্থানে প্রি-কাস্ট পাইল পরিহার বা পর্যাপ্ত জায়গা উন্মুক্ত রাখিয়া পাইলিং এর কাজ করিতে হইবে।

২৩। **গাড়ী পার্কিং**।—প্রত্যেক ইমারতে নিম্নরূপ পার্কিং এর ব্যবস্থা রাখিতে হইবে, যথা :—

- (ক) কনডোমিনিয়ামের ক্ষেত্রে প্রতি ৩ (তিন) টি গেস্ট রুমের জন্য ১ (এক) টি গাড়ী পার্কিং; এবং
- (খ) প্রতি ফ্লোরের জন্য কমপক্ষে ১ (এক) টি করিয়া গাড়ী পার্কিং হিসাব করিয়া পার্কিং ব্যবস্থা।

২৪। **বিল্ডিং কোড অনুসরণ**।—ইমারতের নকশা প্রণয়ন এবং উহা নির্মাণের ক্ষেত্রে বিল্ডিং কোড অনুসরণ করিতে হইবে।

২৫। **পরিদর্শন**।—বোর্ড প্রতিটি পর্বের নির্মাণ সম্পন্নকরণ সংক্রান্ত বিষয় অবহিত হইবার পর উহা পরিদর্শনের ব্যবস্থা করিবে এবং ৭ (সাত) দিনের মধ্যে প্লিন্স লেভেল পরবর্তী নির্মাণ কাজ অগ্রসরের জন্য ফরম-৩১১ এর মাধ্যমে সম্মতি অথবা কারণসহ ফরম-৩১২ এর মাধ্যমে অসম্মতি প্রদান করিবে :

তবে শর্ত থাকে যে, উপর-বর্ণিত ৭ (সাত) দিনের মধ্য সম্মতি বা অসম্মতি জ্ঞাপন না করিলে নির্মাণ কাজ চলমান থাকিবে।

২৬। **পরিদর্শন প্রতিবেদন দাখিল**।—ইমারত নির্মাণের নিম্নবর্ণিত পর্বে বা পর্যায়ে কারিগরি কমিটি পরিদর্শন প্রতিবেদন দাখিল করিবে, যথা :—

- (ক) প্রথম পর্ব-পাইলিং শেষে, পাইল ক্যাপ নির্মাণের পূর্বে ও প্লিন্স বা গ্রেড বীম ঢালাইয়ের পূর্বে;
- (খ) দ্বিতীয় পর্ব-প্রতি ফ্লোর ঢালাইয়ের পূর্বে ও পরে;
- (গ) তৃতীয় পর্ব-ছাদের সিঁড়িঘর ও মেশিন রুম নির্মাণের পূর্বে;
- (ঘ) চতুর্থ পর্ব-সঠিক কাজ সম্পন্ন শেষে কারিগরি কমিটি পুনঃমূল্যায়ন পূর্বক সঠিকতা প্রতিবেদন দাখিল করিবে এবং এই প্রতিবেদনের উপর ভিত্তি করিয়া বোর্ড নির্মাণ কাজ সম্পন্নের ছাড়পত্র প্রদান করিবে।

২৭। **রহিতকরণ ও হেফাজত**।—(১) ঢাকা সেনানিবাস ইমারত নির্মাণ উপ-আইন ১৯৯৪ এবং উক্ত আইনের সংশোধনী, সংযোজনীসমূহ, অতঃপর “উক্ত Bye-laws” বলিয়া উল্লিখিত, এতদ্বারা রহিত করা হইল।;

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত Bye-laws এর অধীন—

- (ক) প্রতিষ্ঠিত ঢাকা সামরিক অফিসার আবাসিক প্রকল্প, ঢাকা সেনানিবাস ও সেনানিবাস বর্ধিত এলাকা এই উপ-আইনের অধীন প্রতিষ্ঠিত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং
- (খ) গৃহীত কার্যক্রম, জারিকৃত প্রজ্ঞাপন, প্রদত্ত কোনো আদেশ, নির্দেশ, বিজ্ঞপ্তি বা প্রজ্ঞাপন, নোটিশ, তহবিল সংরক্ষণ, ব্যাংক হিসাব পরিচালনা, গঠিত কমিটি ইত্যাদি বা অন্যকোনো কার্যক্রম উক্তরূপ রহিতকরণের অব্যবহিত পূর্বে বলবৎ থাকিলে এই উপ-আইনের কোনো বিধানের সহিত অসামঞ্জস্যপূর্ণ না হওয়া সাপেক্ষে, প্রয়োজনীয় অভিযোজনসহ, এই উপ-আইনের অনুরূপ বিধানের অধীনকৃত, প্রণীত, জারিকৃত, দায়েরকৃত, পেশকৃত, মঞ্জুরীকৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এই উপ-আইনের অধীন রহিত বা সংশোধিত না হওয়া পর্যন্ত বলবৎ থাকিবে।

ক্যান্টনমেন্ট বোর্ড  
ঢাকা

নির্মাণ অনুমোদনের জন্য আবেদন পত্র

অকুপেন্সি টাইপ (Occupancy Type) .....

ক্রমিক নং .....

রশিদ নম্বর : .....

১। আবেদনকারীর নাম :

২। বর্তমান ঠিকানা :

৩। প্রস্তাবিত ভূমি/প্লট এর অবস্থান ও পরিমাণ :

(ক) প্রকল্পের নাম :

(খ) পার্শ্বস্থ রাস্তা নং-

(গ) প্লট নং-

(ঘ) বাহর মাপসহ ভূমি/প্লটের পরিমাণ :

৪। প্রস্তাবিত উন্নয়ন/নির্মাণ কাজের বিস্তারিত তথ্যাদি :

(১) প্রস্তাবিত উন্নয়ন/নির্মাণ কাজের প্রকার বা প্রকারসমূহ .....

(২) উপরি-বর্ণিত ধরন অনুযায়ী ব্যবহার/ফ্লোরের ক্ষেত্রফল এর বিস্তারিত বর্ণনা:

(ক) ভূমি/প্লটের ক্ষেত্রফল ..... (বঃমিঃ)

(খ) বাহসমূহের পরিমাপ দক্ষিণে.....মিঃ, উত্তরে ..... মিঃ,  
পূর্বে ..... মিঃ, পশ্চিমে ..... মিঃ

(গ) প্রকল্পের মোট ফ্লোরের ক্ষেত্রফল ..... বঃমিঃ।

(ঘ) আবাসিক ভবনের ক্ষেত্রে প্রতি তলায় আবাস/এ্যাপার্টমেন্ট/ফ্ল্যাটের সংখ্যা ..... টি।

(ঙ) প্রকল্পে মোট আবাসন এককের সংখ্যা ..... টি।

(চ) ভূমির মোট ভূ-পৃষ্ঠস্থ আচ্ছাদিত অংশের ক্ষেত্রফল .....বঃমিঃ, যাহা  
ভূমির ..... শতাংশ।(ছ) প্লিন্থের উপরে সর্বমোট ফ্লোরের সংখ্যা .....টি এবং বেসমেন্টে  
ফ্লোরের সংখ্যা .....টি।(জ) বিভিন্ন প্রকার ব্যবহারের উদ্দেশ্যে ফ্লোরের আয়তন (প্রয়োজনে তালিকাটি  
বিস্তারিত করা যাইতে পারে)।

\* ব্যবহার-১ ..... বঃমিঃ

\* ব্যবহার-২ ..... বঃমিঃ

\* ব্যবহার-৩ ..... বঃমিঃ

\* ব্যবহার-৪ ..... বঃমিঃ

\* ব্যবহার-৫ ..... বঃমিঃ

- ৫। (১) সাইট সংলগ্ন রাস্তা বা রাস্তাসমূহের প্রস্থ: সম্মুখে ..... মিঃ, পিছনে ..... মিঃ, বামে ..... মিঃ, ডানে ..... মিঃ
- (২) প্রস্তাবিত সাইটের আবশ্যিক উন্মুক্ত স্থান: সম্মুখে ..... মিঃ, পিছনে ..... মিঃ, ডানে ..... মিঃ, বামে ..... মিঃ
- ৬। নির্মিতব্য ইমারত বা প্রকল্পের বিবরণ (প্রয়োজনে তালিকাটি বিস্তৃত করা যাইতে পারে)।

	ব্যবহার-১ (বঃমিঃ)	ব্যবহার-২ (বঃমিঃ)	ব্যবহার-৩ (বঃমিঃ)	মোট ফ্লোর (বঃমিঃ)
বেসমেন্ট				
নিচতলা				
দোতলা				
তিনতলা				
চারতলা				
পাঁচতলা				
ছয়তলা				
সাততলা				
আটতলা				

মোট তলা/ফ্লোরের ক্ষেত্রফল ..... বঃমিঃ।

- ৭। মাস্টার প্লানে প্রদর্শিত পথ ও প্রথম প্রাপ্ত তলের উচ্চতার নকশা
- ৮। নির্মাণ অনুমোদনের জন্য পেশকৃত ফি, দলিলাদি ও নকশার তালিকা :

ক্রমিক নং	বিবরণ	হ্যাঁ	না	প্রযোজ্য নয়
১	স্বত্বাধিকারী ইজারা দলিল/ক্রয় দলিল/হেবা/অন্যান্য			
২	সরকার কর্তৃক বরাদ্দকৃত ভূমি হইলে ইহার দলিলাদি ও অনুমতি পত্র			
৩	ফি প্রদানের রশিদ			
৪	ভূমি ব্যবহারের ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)			
৫	বিশেষ প্রকল্প ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)			
৬	ইনডেমনিটি বন্ড (প্রযোজ্য ক্ষেত্রে)			
৭	মৃত্তিকা পরীক্ষার প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে)			
৮	বিধিমোতাবেক যাবতীয় নকশা (প্রযোজ্য ক্ষেত্রে)			
৯	বিধিমোতাবেক গৃহীত ব্যবস্থা			
১০	সংশ্লিষ্ট বিভিন্ন বোর্ডের ছাড়পত্র/অনাপত্তিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)			

আমি/আমরা প্রত্যয়ন করিতেছি যে, উপরি-বর্ণিত তথ্যসমূহ ঢাকা সেনানিবাসের ইমারত উপ-আইনে বর্ণিত বিষয়াদির উপযুক্ততা পূরণ করে এবং আমার/আমাদের জ্ঞান অনুযায়ী প্রদত্ত তথ্যাবলি সঠিক। ইহা ছাড়া উক্ত উপ-আইনের আওতায় অন্যান্য যে কোনো প্রদেয় তথ্যাবলি/দলিলাদি প্রদানে বাধ্য থাকিবে। যে কোনো ভুল তথ্য প্রদান বা অসামঞ্জস্যতার কারণে নির্মাণ অনুমোদনপত্র প্রদান করার পরও ভবিষ্যতে ইহা বাতিল বলিয়া গণ্য হইতে পারে।

তারিখ : .....

আবেদনকারীর স্বাক্ষর : .....

নাম : .....

ঠিকানা ও ফোন নম্বর : .....

.....

স্বত্বাধিকারীর নামসমূহ : .....

ঠিকানা : .....

সংযুক্তি-৩০১

[অনুচ্ছেদ ৫(খ) দৃষ্টব্য]

(৩০০/- টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পের উপর)

ইনডেমনিটি বন্ড

(গভীর ভিত্তি, পাইলিং ও বেজমেন্টের জন্য)

এই ইনডেমনিটি বন্ড জনাব/বেগম....., পিতা/স্বামী/স্ত্রী  
....., থানা ..... , জেলা .....  
কর্তৃক টাকা ক্যান্টনমেন্ট বোর্ড, বোর্ডের বরাবরে সম্পাদিত।

ভূমির অবস্থা :

(ক) গ্রাম/মহল্লা/.....

অথবা..... ডিওএইচএস

(খ) প্লট/দাগ ও খতিয়ান নং (জরিপ মোতাবেক) :

(গ) রাস্তা নং :

যেহেতু সম্পাদনকারী টাকা ক্যান্টনমেন্ট বোর্ড বরাবরে উল্লিখিত ভূমিতে গভীর ভিত্তি/পাইলিং/  
বেজমেন্ট অনুমোদনের জন্য একটি প্ল্যান দাখিল করিয়াছেন;

যেহেতু ক্যান্টনমেন্ট বোর্ড, টাকা পূর্বে বর্ণিত গভীর ভিত্তি, পাইলিং ও বেজমেন্ট নিম্নবর্ণিত  
শর্তাবলি সাপেক্ষে অনুমোদনের জন্য সম্মত হইয়াছে;

যেহেতু মালিক/স্বত্বাধিকারী উক্তরূপ গভীর ভিত্তি, পাইলিং ও বেজমেন্ট নির্মাণ সংলগ্ন ভূমির  
কোনো ক্ষয়ক্ষতি হইলে সেই বিষয়ে ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকাকে দায়মুক্তি প্রদানের বিষয়ে সম্মত  
রহিয়াছেন; এবং

যেহেতু সম্পাদনকারী এই মর্মে সম্মত হইয়াছেন যে, গভীর ভিত্তি, পাইলিং ও বেজমেন্ট  
নির্মাণের অনুমোদনকালে সংশ্লিষ্ট বোর্ড যে সকল শর্তাবলি আরোপ করিবে তাহা সম্পাদনকারী মানিয়া  
চলিবে;

সেইহেতু এক্ষণে উপস্থিত স্বাক্ষীগণের সম্মুখে নিম্নবর্ণিত শর্তে অঙ্গীকারনামা সম্পাদন করা  
হইল :

১। গভীর ভিত্তি, পাইলিং ও বেজমেন্ট নির্মাণের জন্য স্বত্বাধিকারীর নকশাসমূহের অনুমোদন  
বিবেচনায় সম্পাদনকারী এইভাবে দায়িত্বভার পালন করিবেন যে, সকল সময়ের জন্য বোর্ডকে  
নির্দোষ এবং যেকোনো ধরনের ক্ষতিসাধন কিংবা দায়বদ্ধতা হইতে মুক্ত রাখিবে। উহার ভিত্তি  
খননের সময় হোক বা নির্মাণকালে অথবা উক্ত নির্মাণের পরেই হোক না কেন, সংলগ্ন  
সম্পত্তিতে নির্মাণ বা কোনো ব্যক্তিকে যে কোনো ধরনের আঘাত বা ক্ষতির কারণ ঘটাইতে  
পারে বা গভীর ভিত্তি/পাইলিং/বেজমেন্ট নির্মাণের ঘটনার ফলাফল হিসাবে যাহা ঘটিবে তাহার  
দায়-দায়িত্ব হইতে ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা মুক্ত থাকিবে;

